# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

**Bangladesh Class-III Government Employees Association**

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক (বি.এস.টি.আই. কর্মচারী ইউঃ অফিস), বি.এস.টি.আই. ভবন তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা
e-mail : info@bgeac3.com, web : www.bgeac3.com

Bangladesh Class-III Government Employees Association

বাতসকস

# জাতীয় প্রতিনিধি সম্মেলনের সংক্ষিপ্ত কার্যবিবরণী
# ও
# গৃহীত সিদ্ধান্তাবলী

**১ জুন, ২০১২**

# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

Bangladesh Class-III Government Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

**অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।**

---

## জাতীয় প্রতিনিধি সম্মেলনের সংক্ষিপ্ত কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্তাবলী

## ১লা জুন, ২০১২

১লা জুন, ২০১২ রোজ শুক্রবার ঢাকার শাহবাগস্থ গণগ্রন্থাগার অধিদপ্তরের (Public Library) শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে শুরু হয় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির জাতীয় প্রতিনিধি সম্মেলন ও যুগপূর্তি অনুষ্ঠান। সকাল ৯টা থেকেই অভ্যর্থনা উপ-কমিটির সদস্য সচিব সান্ত্বনা রানী দাসের নেতৃত্বে উপ-কমিটির সদস্যগণ আগত প্রতিনিধিদের নাম নিবন্ধনের কাজ শুরু করেন। দিনটি সাপ্তাহিক সরকারি ছুটি ও শুক্রবার হওয়ায় এবং ঢাকার বিভিন্ন প্রান্ত ও দূরবর্তী জেলা থেকে প্রতিনিধিগণের আগমনের কারণে সম্মেলন শুরু করতে কিছুটা বিলম্ব হয়। সম্মানিত প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান এম. পি সকাল ১০.৫৫ মিনিটে সভাস্থলে উপস্থিত হন এবং সরাসরি সভা মঞ্চে চলে আসেন ও আসন গ্রহণ করেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে মঞ্চে আরোহন করেন সমিতির সভাপতি জনাব মোঃ মাহ্‌ফুজুর রহমান। অন্যান্যদের মধ্যে মঞ্চে আসন গ্রহণ করেন সম্মানীত উপদেষ্টা জনাব হারুন উর রশীদ, শাহ মোঃ শফিউল হক, সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক, সদস্য সচিব ও যুগ্ম সদস্য সচিব যথাক্রমে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সহ-সভাপতি জনাব মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত মহাসচিব জনাব আতাউর রহমান খান, যুগ্ম মহাসচিব জনাব রমিজ উদ্দিন মাঝি, ঢাকা মহানগর সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক ও সদস্য সচিব যথাক্রমে জনাব আবদুল মান্নান হাজারভী, সহ-সভাপতি কেনিপ ও জনাব হারুন উর রশিদ, সভাপতি কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী কল্যাণ সমিতি। সমিতির সহ-সভাপতি জনাব নাজমা আক্তার, সংবিধান সংশোধন উপ-কমিটির আহবায়ক ও সমিতির যুগ্ম মহাসচিব জনাব এম এ মান্নান ও মহাসচিব জনাব মোঃ লুৎফর রহমান প্রমুখ।

সভা মঞ্চে নেতৃবৃন্দের সাথে পরিচিত হন প্রধান অতিথি। প্রধান অতিথিকে সুশোভন ও সুরভিত ফুলের তোড়া দিয়ে সমিতির পক্ষ থেকে বরণ করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সহ-সভাপতি ও মৎস্য অধিদপ্তরের তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতির সভানেত্রী জনাব নাজমা আক্তার, বগুড়া জেলা কমিটি থেকে আগত প্রতিনিধি জনাব জরিনা বেগম, রেলওয়ে অডিটের জনাব আজিজুন্নাহার এবং মিটফোর্ড হাসপাতালের ডায়টেশিয়ান জনাব নাজনিন আহমেদ।

অতঃপর সমিতির যুগপূর্তি অনুষ্ঠানের অংশ হিসেবে সমিতির সাংগঠনিক সচিব জনাব হেমায়েত হোসেন হিমুর নেতৃত্বে মনোরম মিউজিক এর তালে তালে বেলুন ফুটানো ও ফুলের পাঁপড়ি ছিটিয়ে প্রধান অতিথিসহ সকল প্রতিনিধিবর্গকে স্মরণ করিয়ে দেন যে এখন আমরা উদ্‌যাপন করছি সমিতির গর্বিত সাফল্যের ১২ বছর অর্থাৎ যুগপূর্তি অনুষ্ঠান। দলনেতা হেমায়েত হোসেন হিমুকে সহযোগিতা করেন সমিতির অন্যতম নেত্রী জনাব আজিজুন্নাহার ও ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের জনাব ফরিদা ইয়াসমিন। এরূপ মনোরম দৃশ্যপট ও মনোমুগ্ধকর ছোট অনুষ্ঠানটির উপভোগ করে উপস্থিত সংশ্লিষ্ট সকলে অভিভূত ও উৎফুল্লিত হয়ে উঠেন। আনন্দঘন পরিবেশে ক্ষণকালের এই অনুষ্ঠানটি স্মরণীয় হয়ে থাকার প্রত্যয় জাগিয়ে দেয় সকলের মনে।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত, গীতা ও ত্রিপিটক পাঠ করেন যথাক্রমে জনাব সিরাজুল ইসলাম, বি.জি. প্রেস, জনাব সঞ্জয় কুমার বনিক, ঢাকা কলেজ ও জনাব রতন বড়ুয়া। সভাপতির অনুমতিক্রমে সঞ্চালক হিসাবে সভা পরিচালনা করতে সভাপতিকে সহায়তা প্রদান করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের যুগ্ম মহাসচিব ও সাংগঠনিক সচিব যথাক্রমে জনাব এ এইচ এম সাইয়াদুল করিম মোল্লা ও জনাব হেমায়েত হোসেন হিমু। সভার প্রারম্ভে স্বাগত বক্তব্য প্রদান করেন সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সহ-সভাপতি ও বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বি.জি. প্রেস) কর্মচারী ইউনিয়নের সভাপতি জনাব মোস্তাফিজুর রহমান। তিনি গ্রীষ্ম মৌসুমে অনেক কষ্ট স্বীকার করে স্বতঃস্ফূর্তভাবে প্রায় সহস্রাধিক প্রতিনিধি উপস্থিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং প্রতিবারের মত শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির প্রতিনিধি সম্মেলন সফলভাবে আয়োজন করতে পারায় সম্মেলন প্রস্তুতি কমিটিসহ সকল উপ-কমিটির নেতৃবৃন্দ ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তাঁর বক্তব্যে আরও বলেন, এই সম্মেলন আয়োজনে আন্তরিকতা ও প্রচেষ্টার কোন অভাব ছিলনা তারপরও কোন ত্রুটি বিচ্যুতি হয়ে থাকলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য সকলের প্রতি বিনীত অনুরোধ জানিয়ে স্বাগত বক্তব্য শেষ করেন।

সম্মেলনে গুরুত্বপূর্ণ অংশ ছিল মহাসচিবের রিপোর্ট। মাননীয় প্রধান অতিথির উপস্থিতিতে সাংগঠনিক রিপোর্ট পেশ করেন সমিতির মহাসচিব জনাব মোঃ লুৎফর রহমান। মহাসচিব কর্তৃক প্রণীত রিপোর্ট, সম্মেলন উপলক্ষে প্রকাশিত স্মরণিকা

"প্রত্যয়" ও প্রতিনিধিদের খাবারের কুপন নিবন্ধনকালীন সময়ই প্রতিনিধিদের দেয়া হয়। প্রতিনিধি কার্ড ও রেজিস্ট্রেশন ফরম সম্মেলনের ২/৩দিন পূর্বে প্রতিনিধিদেরকে প্রেরণ করা হয়েছিল। প্রতিনিধিগণ স্বতঃস্ফূর্তভাবে সুন্দর ও আকর্ষণীয় প্রতিনিধি কার্ড প্রদর্শন করে সম্মেলন স্থলে প্রবেশকালে সম্মেলন স্থল আনন্দমুখর এক নতুন ধারার সৃষ্টি হয়। মহাসচিব তার রিপোর্টে সমিতির সাংগঠনিক কর্মকাণ্ড এবং প্রজাতন্ত্রের তৃতীয় শ্রেণী কর্মচারীদের ন্যায় সঙ্গত দাবী উল্লেখ করে গঠনমূলক বক্তব্য উপস্থাপন করেন। অতঃপর মহাসচিব তাঁর রিপোর্ট পাঠ করার পর মাননীয় প্রধান অতিথিকে অভিনন্দন জ্ঞাপন ও কর্মচারীদের কিছু গুরুত্বপূর্ণ ও জরুরী দাবীর প্রতি প্রধান অতিথির সদয় দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতি জনাব মোঃ মাহ্ফুজুর রহমান।

মঞ্চে বসেই মাননীয় প্রধান অতিথি উপস্থিত প্রতিনিধিদের স্বতঃস্ফূর্ত আবেগ অনুভূতি ও অগ্রাধিকারমূলক দাবীর বিষয় সম্পর্কে সম্যক ধারণা পান। বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি কক্সবাজার জেলা কমিটির সভাপতি জনাব সাজেদ আলী মাননীয় মন্ত্রী মহোদয়ের বক্তব্যের আগেই কক্সবাজারস্থ সরকারি কর্মচারীদের পর্যটন ভাতা ও কিছু দাবী নিয়ে বক্তব্য দানের ইচ্ছা পোষণ করলে মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমতিক্রমে স্বল্প সময় বক্তব্য দেয়ার জন্য অনুমতি পেয়ে তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। সভাপতির বিনীত আহ্বানে মিলনায়তন ভর্তি উৎফুল্ল প্রতিনিধি নেতৃবৃন্দের মুর্হুমুহু করতালির মধ্যে বক্তব্য প্রদানের জন্য মাইক্রোফোনের সামনে এসে দাঁড়ান মাননীয় মন্ত্রী ও প্রধান অতিথি জনাব মুহাম্মদ ফারুক খান এম. পি। তিনি তাঁর বক্তব্যের প্রারম্ভেই স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর জনগণমন হৃদয়হরণ নেতৃত্ব ও প্রদর্শিত আদর্শের পথকে, মহান নেতার ত্যাগ ও নিষ্ঠাকে। বিশ্বের পরিবর্তিত পরিস্থিতির সাথে সঙ্গতি রেখে দেশকে একটি সম্মানজনক অবস্থানে নিয়ে যাবার জন্য বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ঘোষণা করেছেন ভিশন-২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার রূপকল্প। তিনি তার দীর্ঘ বক্তৃতায় সরকারের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, সম্ভাবনা ও সমস্যার বিষয়ও তুলে ধরেন। তিনি বলেন সরকারি জনবলের সুবৃহৎ অংশ তৃতীয় শ্রেণীর কর্মচারীরা সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে ও তার সুফল জনগণের কাছে পৌঁছে দেবার জন্য বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। কর্মজীবনে তাদের সমস্যা, চাহিদা ও যৌক্তিক দাবীগুলির সাথে সহমত প্রকাশ করে মাননীয় মন্ত্রী ও বিশেষ অতিথি আশ্বাস প্রদান করেন যে তিনি বিষয়গুলি বিবেচনার জন্য সরকারের নিকট উত্থাপন করবেন এবং নেতৃবৃন্দের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর আলোচনার সদয় সম্মতির জন্য উদ্যোগী হবেন। তিনি আরও বলেন, কর্মচারীদের দাবীগুলো পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী

উচ্চ পর্যায়ের যে কমিটি গঠন করেছিলেন সেই সম্পর্কে তিনি মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিবকে অবহিত করবেন এবং উক্ত কমিটিকে সক্রিয় হবার আহবান জানাবেন। মাননীয় মন্ত্রী দেশে বিরাজমান দ্রব্যমূল্য পরিস্থিতিও ব্যাখ্যা করেন। তিনি বলেন, অর্থনীতির স্বাভাবিক নিয়মেই খাদ্য দ্রব্যসহ জিনিষপত্রের মূল্য বৃদ্ধি ঘটে। এই মূল্য বৃদ্ধির ফলে গরীব ও সীমিত আয়ের মানুষের দুর্ভোগ বাড়ে এটা সত্য। তবে বর্তমান সরকার কিছু অসৎ ব্যবসায়ীর কারসাজি সত্ত্বেও মূল্যবৃদ্ধির হারকে সহনশীল অবস্থায় রাখার লক্ষ্য নিয়ে সরবরাহকে স্বাভাবিক রাখার জন্য আন্তরিক চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি দেশের আর্থসামাজিক পরিস্থিতিকে অস্থিতিশীল করার অশুভ পায়তারা সম্পর্কে সকলকে সতর্ক থাকার আহবান জানান। পরিশেষে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রণ জানানোর জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির যুগপূর্তি অনুষ্ঠান ও জাতীয় প্রতিনিধি সম্মেলনের সাফল্য কামনা করে বক্তব্যের ইতি টানেন।

প্রধান অতিথি মাননীয় মন্ত্রী মুহাম্মদ ফারুক খান এম. পি অতি কর্মব্যস্ততার মধ্যেও যথাসময়ে এসে এই প্রতিনিধি সম্মেলনকে গুরুত্ব ও বিশেষ মর্যাদায় অভিষিক্ত করায় সভার সভাপতি তাঁর প্রতি সমিতির ও সম্মেলনের উদ্যোক্তাদের পক্ষ থেকে গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়া বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির পক্ষ থেকে উচ্চারিত ও প্রকাশিত দাবীগুলির প্রতি যৌক্তিক সমর্থন প্রদানের বিষয়টিও এই সমিতি স্ব-কৃতজ্ঞচিত্তে স্মরণ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সমিতির সভাপতি বিনীত ভাবে ডাক্তার, ইঞ্জিনিয়ার, কৃষিবিদ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার প্রভৃতি পেশাজীবী সংগঠনের মতো প্রজাতন্ত্রের বৃহত্তর শ্রেণী বা পেশার জনবলের প্রতিনিধিত্বকারী সংগঠন বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির অফিস নির্মাণের জন্য রাজধানী ঢাকায় এক খণ্ড ভূমি বরাদ্দের জন্য মাননীয় প্রধান অতিথির প্রতি বিশেষভাবে অনুরোধ জানান। তারপর মাননীয় মন্ত্রী নেতৃবৃন্দের সাথে সভামঞ্চে ফটোসেশনে মিলিত হন এবং মাননীয় মন্ত্রী মহোদয়কে আপ্যায়নের পর আন্তরিকভাবে বিদায় জানানো হয়।

মাননীয় মন্ত্রী মহোদয় বিদায়ের পরপরই শুরু হয় মহাসচিবের রিপোর্ট এবং জাতীয় প্রতিনিধি সম্মেলনের জন্য নোটিশে প্রদত্ত আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের পর্ব। এ সময় সভাপতি সংবিধান মোতাবেক সমিতির আগামী ২(দুই) বৎসর মেয়াদের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচনের লক্ষ্যে একটি প্যানেল নির্বাচনের জন্য নিম্নে বর্ণিত বিষয় নির্বাচনী কমিটি (Subject Committee) ঘোষণা করেন।

## বিষয় নির্বাচনী কমিটি (Subject Committee)

| | | |
|---|---|---|
| ০১। | জনাব হারুন উর রশীদ<br>সম্মানিত উপদেষ্টা, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ<br>ও প্রতিষ্ঠাতা সাবেক সভাপতি, বাতসকস | আহবায়ক |
| ০২। | জনাব এ বি এম আবদুর রশীদ<br>সম্মানিত উপদেষ্টা ও<br>প্রতিষ্ঠাতা সাবেক সহ-সভাপতি, বাতসকস | সদস্য |
| ০৩। | জনাব শাহ মোহাম্মদ শফিউল হক<br>সম্মানিত উপদেষ্টা, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ<br>ও প্রতিষ্ঠাতা অতিরিক্ত মহাসচিব ও<br>সাবেক ভারপ্রাপ্ত মহাসচিব, বাতসকস | সদস্য |
| ০৪। | জনাবা নাজমা আক্তার,<br>সহ-সভাপতি, বাতসকস | সদস্য |
| ০৫। | জনাব আবদুল মান্নান হাজারভী<br>সহ-সভাপতি, বাতসকস | সদস্য |
| ০৬। | জনাব মোস্তাফিজুর রহমান<br>সহ-সভাপতি, বাতসকস ও সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক। | সদস্য |
| ০৭। | জনাব মোঃ লুৎফর রহমান<br>মহাসচিব, বাতসকস | সদস্য |
| ০৮। | জনাব মোঃ আতাউর রহমান খান<br>অতিরিক্ত মহাসচিব, বাতসকস ও<br>সভাপতি, ঢাকা মহানগর কমিটি ও সদস্য সচিব<br>সম্মেলন প্রস্তুতি কমিটি | সদস্য |

উক্ত বিষয় নির্বাচনী কমিটি (Subject Committee)-কে সমিতির সাংগঠনিক প্রেক্ষাপট বিবেচনায় এনে সংবিধানের প্রস্তাবিত সংশোধনের আলোকে কেন্দ্রীয় নির্বাহী পরিষদে পদের বিপরীতে নাম মনোনীত করে সভাপতির মাধ্যমে জাতীয় প্রতিনিধি সম্মেলনে উপস্থাপন করার অনুরোধ জানানো হয়। অতঃপর সভাপতি মহোদয় শুক্রবারের জুম্মার নামাজ ও খাবারের জন্য ২.৩০ মিনিট পর্যন্ত প্রতিনিধি সম্মেলন মুলতবী ঘোষণা করেন।

যথারীতি নামাজ ও খাবারের বিরতির পর ২.৪০ মিনিটে পুনরায় সভার কার্যক্রম শুরু হয়। ২য় পর্বে সভার শুরুতে সভাপতির আহ্বানে সমিতির সংবিধানের কতিপয় ধারা, উপ-ধারার সংযোজন বিয়োজন ও সংশোধনীসহ প্রস্তাব উত্থাপন করেন সংবিধান সংশোধন উপ-কমিটির আহবায়ক জনাব এম এ মান্নান এবং ৬(ছয়) দফা দাবীনামার কিছু বিয়োজন-সংযোজন ও পরিবর্তন ইত্যাদি প্রস্তাব পেশ করেন দাবীনামা সংশোধন উপ-কমিটির সদস্য সচিব এ এইচ এম সাইয়াদুল করিম মোল্লা। সভাপতি উত্থাপিত সংবিধান ও দাবীনামা সম্পর্কিত প্রস্তাব এবং জাতীয় প্রতিনিধি সম্মেলনের ঘোষিত এজেন্ডা ভিত্তিক আলোচনায় অংশ গ্রহণ করার জন্য নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান এবং জেলা প্রতিনিধিদের বক্তব্য দানের অগ্রাধিকার প্রদানের অনুরোধ জানান। সভাপতির আহবানে আলোচনায় অংশগ্রহণ করেন রাজশাহী জেলা কমিটির জনাব সৈয়দ রেজায় করিম বুলবুল, ঝিনাইদহের জেলা কমিটির পক্ষে জনাব এমদাদ উদ্দিন, নারায়ণগঞ্জ জেলা কমিটির পক্ষে জনাব মনিরুল ইসলাম, খুলনা জেলা কমিটির জনাব মিজানুর রহমান, ঢাকা মেডিক্যাল কলেজ তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি জনাব এ এফ এম এনামুল হক, বাংলাদেশ সংহতি পরিষদের সভাপতি জনাব মোঃ রশিদ উল্ল্যাহ প্রমুখ। প্রতিনিধিবৃন্দের বক্তব্য শেষে (১) মহাসচিবের রিপোর্ট (২) দাবীনামা সংশোধনী প্রস্তাব (৩) সংবিধান সংশোধনী প্রস্তাব এবং (৪) ১৮ই জুন ২০১১ অনুষ্ঠিত জাতীয় প্রতিনিধি সম্মেলনে নির্বাচিত কার্যকরী সভাপতি জনাব লুৎফর রহমান খান, সহ-সভাপতি জনাব মোঃ হেদায়েত হোসেন ও আবদুর রশীদ কর্তৃক সংবিধান লঙ্ঘন ও শৃঙ্খলা ভঙ্গ করে চক্রান্তমূলকভাবে তৃতীয় শ্রেণী সমিতির নামে তথাকথিত কাউন্টার কমিটি গঠন করার অপচেষ্টার কারণে তাহাদের বহিষ্কারের বিষয়ে মতামত চান। সকল প্রতিনিধি হাত উঁচিয়ে উক্ত চারটি বিষয়ে সম্মতি সূচক মত প্রকাশ করেন এবং সভাপতি প্রস্তাবসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত বলে ঘোষণা দেন। অতঃপর বিবিধ আলোচনায় সংবিধান শব্দের স্থলে গঠনতন্ত্র শব্দ প্রতিস্থাপন, সমিতির প্রকৃত প্রতিষ্ঠা বার্ষিকীর দিন পুনঃ নির্ধারণ, সমিতির মনোগ্রাম পুনঃ নির্ধারণ ও সমিতির একটি পতাকা প্রণয়ন ইত্যাদি বিষয় উত্থাপিত প্রস্তাব সর্বসম্মতক্রমে গৃহীত হয়।

অতঃপর সভাপতি বিষয় নির্বাচনী কমিটি (Subject Committee) কর্তৃক পেশকৃত সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচনের প্রস্তাবের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি বিষয় নির্বাচনী কমিটির (Subject Committee) প্রতি আস্থা ও শ্রদ্ধা জ্ঞাপন করে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সংশোধিত সংবিধান/গঠনতন্ত্রের পুনঃবিন্যাসিত পদসমূহের বিপরীতে প্রস্তাবিত নাম একে একে পাঠ করে শুনান। উপস্থিত প্রতিনিধিদের সকলেই বিষয় নির্বাচনী কমিটির (Subject Committee) প্রস্তাব স্বতঃস্ফূর্তভাবে সমর্থন করায় জনাব মোঃ মাহফুজুর রহমানকে সভাপতি এবং জনাব মোঃ লুৎফর রহমানকে মহাসচিব করে ৭৫ (পঁচাত্তর) সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচনের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত বলে অনুমোদন করা হয়।

## জাতীয় প্রতিনিধি সম্মেলনে গৃহীত প্রস্তাব/অনুমোদিত সিদ্ধান্ত

০১। **শোক প্রস্তাব গ্রহণ** ঃ

আজ ১লা জুন, ২০১২ শুক্রবার প্রায় ১(এক) বৎসরের ব্যবধানে সমিতির যুগপূর্তি অনুষ্ঠান ও জাতীয় প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠান হলো, এই সময়ের মধ্যে সমিতির নেতা কর্মী, সমর্থক বা সমিতির হিতাকাঙ্খী যারা ইতিমধ্যে মৃত্যুবরণ করেছেন এই সভা তাদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করে তাদের পবিত্র স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করছে এবং যারা শারীরিক ভাবে অসুস্থ বা চিকিৎসাধীন আছেন তাদের আশু রোগমুক্তি ও সুস্থতা কামনা করছে।

০২। **সমিতির আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন** ঃ

মহাসচিবের রিপোর্ট ও বিগত ১ (এক) বৎসরের সমিতির আয় ও ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। সমিতির একমাত্র ব্যাংক হিসাব নং ১০৪০১/৩, পূবালী ব্যাংক, তেজগাঁও শিল্প এলাকা শাখা, ঢাকা-১২০৮, সমিতির হিসাব নম্বর সংশ্লিষ্ট সকলকে রেকর্ডভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। **দাবীনামার প্রস্তাব অনুমোদন** ঃ

দাবীনামা সংশোধন উপ-কমিটি কর্তৃক সমিতির ৬(ছয়) দফা দাবীনামার কিছু কিছু দাবী পূরণ হওয়ায় সেগুলো বাদ দিয়ে সময়ের প্রয়োজনে ও গুরুত্ব বিবেচনা করে কিছু দাবী সংযোজন ও পুনঃবিন্যাস করে প্রস্তাবিত ৬(ছয়) দফা দাবীনামা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

০৪। **সংবিধানে সংশোধনী ও সংযোজনী প্রস্তাব অনুমোদন** ঃ

সমিতির সংবিধানের কিছু অনুচ্ছেদ, অনুচ্ছেদের ধারা ও উপ-ধারায় সংযোজনী করে সংবিধান সংশোধনী প্রস্তাব নিম্নরূপভাবে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

**সংবিধান সংশোধনের সংক্ষিপ্ত বিবরণ ঃ (*) অনুচ্ছেদ - ৬ ঃ** কেন্দ্রীয় নির্বাহী পরিষদের মোট পদসংখ্যা ৭৫(পঁচাত্তর) অপরিবর্তিত রেখে বিদ্যমান পদ পদবী পুনঃবিন্যাস করা হ'লো। পুনঃবিন্যাসিত কেন্দ্রীয় নির্বাহী পরিষদের পদ সংখ্যা হবে ঃ সভাপতি ১(এক), কার্যকরী সভাপতি ২(দুই), সহ-সভাপতি ১৫(পনের), মহাসচিব ১(এক), অতিরিক্ত মহাসচিব ২(দুই), যুগ্ম মহাসচিব ১৫(পনের), সহকারী মহাসচিব ১১(এগার), সাংগঠনিক সচিব ১৫(পনের), অর্থ সচিব ১(এক), মহিলা বিষয়ক সচিব ১(এক), দপ্তর সচিব ১(এক), প্রচার ও প্রকাশনা সচিব ১(এক), আন্তর্জাতিক সচিব ১(এক), আইন বিষয়ক সচিব ১(এক), সাহিত্য সাংস্কৃতিক ও ক্রীড়া সচিব ১(এক), আবাসন সচিব ১(এক), নির্বাহী সদস্য ৫(পাঁচ) মোট ৭৫(পঁচাত্তর)।

**(*) অনুচ্ছেদ ৮ ঃ** ঢাকা মহানগর কমিটির মোট পদসংখ্যা ৫১(একান্ন) এর পরিবর্তে ৫৫(পঞ্চান্ন) করা হলো এবং বিদ্যমান পদ পদবীর আংশিক পুনঃবিন্যাস করা হলো। পুনঃবিন্যাসিত ঢাকা মহানগর কমিটির পদগুলো হবে ঃ সভাপতি ১(এক), কার্যকরী সভাপতি ১(এক), সহ-সভাপতি ১১(এগার), সাধারণ সম্পাদক ১(এক), অতিরিক্ত সাধারণ সম্পাদক ১(এক), যুগ্ম সাধারণ সম্পাদক ১১(এগার), সাংগঠনিক সম্পাদক ১১(এগার), অর্থ সম্পাদক ১(এক), মহিলা বিষয়ক সম্পাদক ২(দুই), দপ্তর সম্পাদক ১(এক), প্রচার ও প্রকাশনা সম্পাদক ১(এক), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ১(এক), আবাসন সম্পাদক ১(এক), নির্বাহী সদস্য ১১(এগার) মোট ৫৫(পঞ্চান্ন)।

**(*) অনুচ্ছেদ ৯ ঃ** নতুন অনুচ্ছেদ সংযোজন করে ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটি সংযোজন করা হলো। ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটি হবে ৩৫(পঁয়ত্রিশ) সদস্য বিশিষ্ট। সভাপতি ১(এক), কার্যকরী সভাপতি ১(এক), সহ-সভাপতি ৭(সাত), সাধারণ সম্পাদক ১(এক), অতিরিক্ত সাধারণ সম্পাদক ১(এক), যুগ্ম সাধারণ সম্পাদক ৭(সাত), সাংগঠনিক সম্পাদক ৭(সাত), অর্থ সম্পাদক ১(এক), মহিলা বিষয়ক সম্পাদক ১(এক), দপ্তর সম্পাদক ১(এক), প্রচার ও প্রকাশনা সম্পাদক ১(এক), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ১(এক), নির্বাহী সদস্য ৫(পাঁচ) মোট ৩৫(পঁয়ত্রিশ)। (*) এই কমিটির মেয়াদ ২(দুই) বৎসর। (*) এই কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদাধিকার বলে ঢাকা মহানগর কমিটিতে সদস্য হিসাবে বিবেচিত হবেন, সভায় অংশগ্রহণ করবেন, তবে কোরামের জন্য গণনা করে হবে না। (*) এই অনুচ্ছেদে গঠনতন্ত্রের (সংবিধান) অনুচ্ছেদ ১৩ এ নির্বাচক মণ্ডলী বা ভোটার ও প্রতিনিধি বা কাউন্সিলার এর উপ-ধারা (ক) এর ৩ এ সংযোজিত হয়ে ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটির সকলে, সংযোজন করা হলো। (*) এই অনুচ্ছেদে ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটি গঠনতন্ত্রের অনুচ্ছেদ এর সাংগঠনিক ধাপসমূহের চ উপ-ধারা অনুচ্ছেদের পরে সংযোজিত হবে। (*) অনুচ্ছেদ ১ এর (গ), ১৩ এর (ক), ১৫ এর (ছ), ১৮ এর (ছ) এ ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটি এই শব্দটি প্রতিস্থাপিত হবে। (*) ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটি সংখ্যা বা সীমানা পরিবর্তিত পরিস্থিতিতে কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্ধারণ করবে।

**(*) অনুচ্ছেদ ৯ এর পরিবর্তে ১০ ঃ** জেলা নির্বাহী পরিষদের মোট সদস্য সংখ্যা অপরিবর্তিত রেখে বিদ্যমান পদ পদবী আংশিক পুনঃবিন্যাস করা হলো। পুনঃবিন্যাসিত জেলা নির্বাহী পরিষদ হবে ঃ সভাপতি ১(এক), কার্যকরী সভাপতি ১(এক), সহ-সভাপতি ৭(সাত), সাধারণ সম্পাদক ১(এক), অতিরিক্ত সাধারণ সম্পাদক ১(এক), যুগ্ম সাধারণ সম্পাদক ৭(সাত), সাংগঠনিক সম্পাদক ৭(সাত), অর্থ সম্পাদক ১(এক), মহিলা বিষয়ক সম্পাদক ১(এক), দপ্তর সম্পাদক ১(এক), প্রচার ও প্রকাশনা সম্পাদক ১(এক), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ১(এক), নির্বাহী সদস্য ৫(পাঁচ) মোট ৩৫(পঁয়ত্রিশ)।

(*) **অনুচ্ছেদ ১২ উপজেলা নির্বাহী পরিষদ ঃ** উপজেলার নির্বাহী পরিষদের মোট সদস্য সংখ্যা অপরিবর্তিত রেখে বিদ্যমান পদ পদবীর আংশিক পুনঃবিন্যাস করা হলো। পুনঃবিন্যাসিত উপজেলা নির্বাহী পরিষদ হবে সভাপতি ১ (এক), সহ-সভাপতি ৩ (তিন), সাধারণ সম্পাদক ১ (এক), যুগ্ম সাধারণ সম্পাদক ৩ (তিন), সাংগঠনিক সম্পাদক ৩ (তিন), অর্থ সম্পাদক ১ (এক), মহিলা সম্পাদক ১ (এক), দপ্তর সম্পাদক ১ (এক), প্রচার ও প্রকাশনা সম্পাদক ১ (এক), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ১ (এক) ও নির্বাহী সদস্য ৫(পাঁচ) মোট ২১ (একুশ) জন।

(*) গঠনতন্ত্রের সংশোধনির প্রেক্ষাপটে প্রযোজ্য ক্ষেত্রে সংযোজন, পরিবর্তন ও পরিবর্ধন করার সিদ্ধান্ত গৃহীত হল।

**০৫। সংবিধান শব্দের স্থলে গঠনতন্ত্র শব্দ প্রতিস্থাপন ঃ** সমিতির সংবিধান শব্দটির স্থলে সমিতির গঠনতন্ত্র শব্দটি প্রতিস্থাপনকরণ, মর্মে অনুমোদন করা হলো।

০৬। **সমিতির প্রতিষ্ঠা বার্ষিকী ঃ**

সমিতি গঠনের উদ্যোক্তাগণ প্রথম ১৫ নভেম্বর, ১৯৯৯ খ্রিঃ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে একটি শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠনের রূপরেখা তৈরী করেন। তারই ধারাবাহিকতায় ৩১ মে, ২০০০ খিঃ, সালে সড়ক ভবনস্থ বাংলাদেশ সড়ক ও জনপথ কর্মচারী ইউনিয়নের অফিস কক্ষে সমিতির নাম নির্ধারণ ও ঘোষণা করা হয় এবং ২৯ জুলাই, ২০০০ খ্রিঃ তারিখে শাহবাগস্থ জাতীয় গণগ্রন্থাগার মিলনায়তনে অনুষ্ঠিত সমিতির ১ম জাতীয় Convention এ সমিতির খসড়া ঘোষণাপত্র সংবিধান অনুমোদিত হয়। উল্লেখিত ঐতিহাসিক দিন তারিখ বিবেচনায় সমিতির প্রকৃত প্রতিষ্ঠার দিন ৩১শে মে এর পরিবর্তে ১৫ই নভেম্বর নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। অতএব এখন থেকে প্রতিবছর ১৫ নভেম্বর সমিতির প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হবে।

০৭। **সমিতির মনোগ্রাম ও পতাকা ঃ**

সমিতির স্থায়ী বা নতুন মনোগ্রাম (Logo) নির্ধারণ এবং সমিতির একটি পতাকা (Flag) মনোনয়নের জন্য কেন্দ্রীয় নির্বাহী পরিষদকে দায়িত্ব/ক্ষমতা প্রদান করা হলো।

০৮। **সংগঠন বিরোধী কার্যকলাপের জন্য বহিষ্কার আদেশ অনুমোদন ঃ**

সমিতির গঠনতন্ত্র লজ্ঘন, শৃঙ্খলা ভঙ্গ ও সংগঠন বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার কারণে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বিগত টার্মের কার্যকরী সভাপতি জনাব মোঃ লুৎফর রহমান খান এবং সহ-সভাপতি জনাব মোঃ হেদায়েত হোসেন ও জনাব মোঃ আবদুর রশিদ কেন্দ্রীয় নির্বাহী পরিষদ কর্তৃক ইতোপূর্বে গৃহীত বহিষ্কার আদেশ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

## সম্মেলনে ঘোষণা

এই সম্মেলন দলমত নির্বিশেষে প্রজাতন্ত্রের সকল দপ্তর, প্রতিষ্ঠান, জেলা, উপজেলার তৃতীয় শ্রেণীভুক্ত বা তৃতীয় শ্রেণীতে নিয়োগপ্রাপ্ত সকল কর্মচারী ভাই-বোনদের সম্পৃক্ত করে একটি শক্তিশালী অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন হিসেবে সুপ্রতিষ্ঠিত এবং তৃতীয় শ্রেণী কর্মচারীদের বিদ্যমান সমস্যাদির আশু সমাধানের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছে।

এই সম্মেলন এক শ্রেণীর স্বার্থান্বেষী মহলের প্ররোচনায় তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের অস্তিত্ব বিপন্নের হীন চক্রান্তে সরকারি কর্মক্ষেত্রে তৃতীয় ও ৪র্থ শ্রেণীর পদ/পদবী আউট সোর্সিং এর মাধ্যমে পূরণের অশুভ পাঁয়তারার তীব্র নিন্দা জ্ঞাপন ও প্রতিবাদ জানাচ্ছে।

০৯। **ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন ঃ**

(ক) শত ব্যস্ততার মধ্যেও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান এম. পি বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির জাতীয় প্রতিনিধি সম্মেলনে যথাসময়ে উপস্থিত হয়ে প্রধান অতিথির আসন অলংকৃত করায় সমবেত প্রতিনিধিবর্গ ও দেশব্যাপী সকল সদস্যদের পক্ষ হতে তাঁর শুভাগমনকে এই সভা স্বাগত জানাচ্ছে এবং সমিতির দাবীগুলোর সাথে সহমত প্রকাশসহ দাবীগুলো নিয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা ও মাননীয় প্রধানমন্ত্রীর সাথে নেতৃবৃন্দের সাক্ষাতের ব্যবস্থা করে দিবেন বলে আশ্বাস প্রদান করায় গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছে।

(খ) জাতীয় প্রতিনিধি সম্মেলনকে সফল করার লক্ষ্যে গঠিত সম্মেলন প্রস্তুতি কমিটি ও উপ-কমিটির সীমিত সামর্থ্যের মধ্যেও যথারীতি দায়িত্ব সম্পাদনের জন্য এই প্রতিনিধি সভা সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে।

(গ) জাতীয় প্রতিনিধি সম্মেলনের খাতওয়ারী সার্বিক ব্যয়ভার বহনের জন্য সমিতির সর্বস্তরের নেতৃবৃন্দ, শুভাকাঙ্খী ও বিজ্ঞাপনদাতাদের প্রতি এই সভা আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করছে।

(ঘ) রাজধানী ঢাকাসহ দেশ ব্যাপী বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের তৃতীয় শ্রেণী কর্মচারীদের সাংগঠনিক প্রতিনিধি বিশেষ করে দূরদূরান্ত থেকে মূল্যবান সময় ব্যয় ও কষ্ট স্বীকার করে সম্মেলনে যোগদান করায় সংশ্লিষ্ট প্রতিনিধি নেতৃবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করছে।

১০। **নতুন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচন** ঃ

আগামী দু'বছরের জন্য বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচনের লক্ষ্যে বিষয় নির্বাচনী কমিটি (Subject Committee) কর্তৃক পেশকৃত প্রস্তাব উপস্থিত প্রতিনিধিগণের সম্মতিক্রমে অনুমোদন করা হলো।

## কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

| ক্রমিক নং | কেন্দ্রীয় নির্বাহী পরিষদের পদ | পদধারীর নাম ও মোবাইল নং | দপ্তর/প্রতিষ্ঠান বা কর্মক্ষেত্রের নাম | সাংগঠনিক পরিচয় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | সভাপতি | মোঃ মাহ্ফুজুর রহমান ০১৭১৫-৬৬৫৫৪৬ | সড়ক ও জনপথ অধিদপ্তর এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা। | সভাপতি, সড়ক ও জনপথ কর্মচারী ইউনিয়ন, রেজিঃ নং বি-১৬৪৪ |
| ০২। | কার্যকরী সভাপতি | মোঃ রশীদ উল্লাহ ০১৬৭০-২৬১৫০১ | বাংলাদেশ ডাক বিভাগ জিপিও, পুরানা পল্টন, ঢাকা। | সভাপতি বাংলাদেশ সংহতি পরিষদ |
| | কার্যকরী সভাপতি | পদ সংরক্ষিত | | |
| ০৩। | সহ-সভাপতি | নাজমা আক্তার ০১৭১২-১৭০২৯৯ | মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, রমনা, ঢাকা | সভাপতি, বাংলাদেশ মৎস্য অধিদপ্তর তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | মোঃ আবদুল মান্নান হাজারভী ০১৯১১-২৫৫৭৭০ | মিটফোর্ড হাসপাতাল মিটফোর্ড, ঢাকা | সাবেক সভাপতি, মিটফোর্ড হাসপাতাল ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | মোস্তাফিজুর রহমান ০১৭১৫-২৫৫৭০০ | বি. জি. প্রেস, তেজগাঁও, ঢাকা | সভাপতি, বি.জি. প্রেস কর্মচারী ইউনিয়ন |
| | সহ-সভাপতি | মোঃ ইব্রাহিম খলিল ০১৭১১-২২২১১৩ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, সাত রাস্তার মোড়, তেজগাঁও, ঢাকা | চেয়ারম্যান, বাংলাদেশ স্টেনোগ্রাফার এসোসিয়েশন |
| | সহ-সভাপতি | মোঃ নুরুন নবী ০১৭১৫-০১৩১৪৩ | সমুদ্র পরিবহন অধিদপ্তর মতিঝিল, ঢাকা | সভাপতি, সমুদ্র পরিবহন অধিদপ্তর তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | এ এইচ এম সাইয়াদুল করিম মোল্লা ০১৭১২-৮৩৫০৯৩ | মিটফোর্ড হাসপাতাল মিটফোর্ড, ঢাকা | প্রাক্তন সাধারণ সম্পাদক, মিটফোর্ড হাসপাতাল তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | সহ-সভাপতি | মোঃ রায়হান উদ্দিন চৌধুরী ০১৭১৬-৪০৮৯৯২ | কুষ্ঠ হাসপাতাল, মহাখালী, ঢাকা। | সভাপতি, কুষ্ঠ হাসপাতাল তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | মোঃ আনিছুর রহমান ০১৮১৯-১৩৮৪৬০ | কৃষি তথ্য অধিদপ্তর খামারবাড়ী, ঢাকা। | সহ-সভাপতি, খামারবাড়ী নন গেজেটেড কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | শেখ মোঃ শাহজাহান ০১৭২৭-৫৪২৬৫৫ | বক্ষব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা। | সভাপতি, বক্ষব্যাধি হাসপাতাল তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | মোঃ আবদুল গফুর ০১৮১৬-৪৯৭০০৭ | সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, ঢাকা। | সভাপতি, সওজ তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি সড়ক ভবন ইউনিট |
| | সহ-সভাপতি | মোঃ নজরুল ইসলাম ০১১৯০-৮৮০৯৯৪ | মৃত্তিকা সম্পদ ইনস্টিটিউট, কৃষি ভবন, খামারবাড়ী, ঢাকা। | সভাপতি, মৃত্তিকা ইনস্টিটিউট তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | খন্দকার ওবায়দুর রহমান রেজা ০১৭১২-২৯১৪০৪ | মিটফোর্ড হাসপাতাল, মিটফোর্ড, ঢাকা। | আহবায়ক, বাতসকস, ঢাকা মহানগর সাংগঠনিক কমিটি, অঞ্চল-১। |
| | সহ-সভাপতি | মোঃ খায়রুল বাসার ০১৫৫২-৩৯৫৬১০ | শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা। | আহবায়ক, বাতসকস, ঢাকা মহানগর সাংগঠনিক কমিটি, অঞ্চল-১০। |
| | সহ-সভাপতি | মোঃ হাবিবুর রহমান ০১৭১৮-৯৩৮৬৯১ | ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, আজিমপুর, ঢাকা | সহ-সভাপতি, ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহ-সভাপতি | পদ সংরক্ষিত | | |
| ০৪। | মহাসচিব | মোঃ লুৎফর রহমান ০১৯২২-১১৭৫০১ | বি এস টি আই, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | সভাপতি, বি এস টি আই কর্মচারী ইউনিয়ন |
| ০৫। | অতিরিক্ত মহাসচিব | মোঃ আতাউর রহমান খান ০১৭৩০-০০০১০৯ | টিচার্স ট্রেনিং কলেজ, নিউ মার্কেট, ঢাকা | নির্বাহী সদস্য, বাংলাদেশ মাউশি তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | অতিরিক্ত মহাসচিব | এম এ মান্নান ০১৯১২-০৬৯৮২২ | মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, রমনা, ঢাকা | সাধারণ সম্পাদক, বাংলাদেশ মৎস্য অধিদপ্তর তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ০৬। | যুগ্ম মহাসচিব | মোঃ সেলিম মোল্লা ০১৯১৬-৬৭০০৯৭ | জাতীয় হৃদরোগ হাসপাতাল (এন,আই, সি, ভি, ডি) শেরে বাংলানগর, ঢাকা | প্রাক্তন মহাসচিব, ডিপ্লোমা হেলথ টেকনোলজিস্ট সমিতি |
| | যুগ্ম-মহাসচিব | মোঃ রমিজ উদ্দিন মাঝি ০১৫৫২-৪০১৮৯৩ | শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, আব্দুল গনি রোড, ঢাকা। | সহ-সভাপতি, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | যুগ্ম মহাসচিব | মোঃ ফরিদুর রহমান ০১৯৪৭-৯৭৬৪২২ | বি. জি. প্রেস, তেঁজগাও, ঢাকা। | সাধারণ সম্পাদক বি.জি. প্রেস কর্মচারী ইউনিয়ন |
| | যুগ্ম মহাসচিব | মোঃ আবুল কাশেম ০১৭১২-৬৭২৭০৬ | সড়ক ও জনপথ অধিদপ্তর সড়ক ভবন, ঢাকা। | সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ গাড়ীচালক সমিতি |
| | যুগ্ম মহাসচিব | মোঃ আজিজুল হক ০১৫৫২-৩১১৪০৯ | শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, টেক্সটবুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা। | সাধারণ সম্পাদক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | যুগ্ম মহাসচিব | মোঃ বশির খান ০১৭১১-৬৬৩৯৮৯ | সড়ক ও জনপথ অধিদপ্তর সড়ক ভবন, ঢাকা। | সহ-সভাপতি, বাংলাদেশ সওজ শ্রমিক ইউনিয়ন, রেজিঃ নং বি-১৫৯০ |
| | যুগ্ম মহাসচিব | মোঃ হেমায়েত হোসেন হিমু ০১৭১২-৯৪০৯৮৫ | শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, আবদুল গনি রোড, ঢাকা। | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ স্টেনোগ্রাফার এসোসিয়েশন |
| | যুগ্ম মহাসচিব | তাপস কুমার সাহা ০১৭১২-২০৫২৯৭ | জাতীয় ক্যান্সার হাসপাতাল, মহাখালী, ঢাকা | সভাপতি, ক্যান্সার হাসপাতাল তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি |
| | যুগ্ম মহাসচিব | মোঃ সাইফুল ইসলাম ০১৭১১-১৪৫০৩০ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা বিভাগীয় অফিস, পুরাতন জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা। | প্রাক্তন সাধারণ সম্পাদক পরিবার পরিকল্পনা কর্মচারী সমিতি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | যুগ্ম মহাসচিব | মোঃ আবু সাইদ মুসল্লী ০১৭১৫-৫৬৭০৯৮ | বি এস টি আই, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | সাধারণ সম্পাদক বিএসটিআই কর্মচারী ইউনিয়ন |
| | যুগ্ম মহাসচিব | মোঃ আবদুল হক ০১৯১১-৩০৫১৭৪ | ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁও, ঢাকা। | সাধারণ সম্পাদক ইসলামিক ফাউন্ডেশন কর্মচারী ইউনিয়ন |
| | যুগ্ম মহাসচিব | মোঃ ইকবাল হোসেন ০১৭২৮-০১২৯৩৩ | ত্রান ও পুনর্বাসন অধিদপ্তর, ত্রান ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা। | সাধারণ সম্পাদক ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর কর্মচারী সমিতি |
| | যুগ্ম মহাসচিব | মোঃ ছালিমুজ্জামান ০১৯১১-৪১৪৪০৪ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা। | আহবায়ক পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী সমিতি |
| | যুগ্ম মহাসচিব | মোঃ আবদুল ওয়াদুদ ০১৯১৩-০০৪৭০০ | শ্রম আদালত, শ্রম ভবন, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা। | সাধারণ সম্পাদক শ্রম আদালত কর্মচারী কল্যাণ সমিতি |
| | যুগ্ম মহাসচিব | পদ সংরক্ষিত | | |
| ৭। | সহকারী মহাসচিব | মোঃ লুৎফর রহমান তালুকদার ০১৯১৭-২১৬০৩৫ | গভঃ প্রিন্টিং প্রেস, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | প্রাক্তন সহ-সভাপতি গভঃ প্রিন্টিং প্রেস এমপ্লয়িজ ইউনিয়ন |
| | সহকারী মহাসচিব | মোঃ রেজাউল আলম ০১৫৫২-৪৬৭৮৯৯ | গণগ্রন্থাগার অধিদপ্তর শাহবাগ, ঢাকা। | সিনিয়র সহ-সভাপতি, সাংস্কৃতিক মন্ত্রণালয়াধীন অধিদপ্তর/প্রতিষ্ঠান-সমূহের কর্মচারী ফোরাম |
| | সহকারী মহাসচিব | মোঃ আবুল কালাম ০১৭২০-০৩০২৮৭ | প্রাইভেটাইজেশন কমিশন পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা | সভাপতি, প্রাইভেটাইজেশন কমিশন কর্মচারী সমিতি |
| | সহকারী মহাসচিব | ফেরদৌসী বেগম ০১৫৫২-৩৬৭৩৩৮ | মহিলা বিষয়ক অধিদপ্তর ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা। | প্রাক্তন সদস্য, মহিলা বিষয়ক ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহকারী মহাসচিব | মোঃ সাইফুল ইসলাম আকন ০১৭৬৪-৮৫৫৮৮৩ | বি. জি. প্রেস | সাংগঠনিক সম্পাদক, বি.জি. প্রেস কর্মচারী ইউনিয়ন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | সহকারী মহাসচিব | মোঃ মনিরুল ইসলাম ০১৭১২-২১৩৫৮৫ | ঢাকা ডেন্টাল কলেজ এন্ড হাসপাতাল, মিরপুর-১৪, ঢাকা। | যুগ্ম সাধারণ সম্পাদক ঢাকা ডেন্টাল কলেজ ও হাসপাতাল কর্মচারী সমিতি |
| | সহকারী মহাসচিব | মারজাহান আক্তার নিপা ০১৬৮১-১৮৭৫৯৫ | সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, ঢাকা। | যুগ্ম সম্পাদক, সওজ তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি সড়ক ভবন ইউনিট |
| | সহকারী মহাসচিব | এ বি সিদ্দিক ০১৭৫৯-১৮৩৭০৮ | ডাক বিভাগ | সভাপতি, ঢাকা সদর, প্রধান ডাকঘর |
| | সহকারী মহাসচিব | মোঃ সফীকুল ইসলাম ০১৭১৪-৬৮৩৩১৯ | মহিলা বিষয়ক অধিদপ্তর ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা। | সভাপতি, মহিলা বিষয়ক অধিদপ্তর ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সহকারী মহাসচিব | আজিজুন নাহার ০১৮১৯-৪৩৯৮০৬ | রেলওয়ে অডিট আঃ গনি রোড, ঢাকা। | সদস্য বাংলাদেশ অডিট পরিষদ |
| | সহকারী মহাসচিব | মোঃ ইউসুফ আলী ০১৭১৬-৬৭৪০১৮ | মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, রমনা, ঢাকা | সাংগঠনিক সম্পাদক মৎস্য অধিদপ্তর ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| ০৮। | সাংগঠনিক সচিব | মোঃ তরিকুল ইসলাম ০১৯১৭-৩২২০৮৮ | নিমিও, মহাখালী, ঢাকা। | সাধারণ সম্পাদক নিমিও কর্মচারী সমিতি |
| | সাংগঠনিক সচিব | মোঃ জসিম উদ্দিন ০১৯১৫-৪৭১৬৭৩ | স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ, মিটফোর্ড, ঢাকা | সাংগঠনিক সম্পাদক এস এস এম সি ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সাংগঠনিক সচিব | মোঃ রেজাউল হক ০১৭১৭-৩১৪৩৫২ | সমুদ্র পরিবহন অধিদপ্তর মতিঝিল, ঢাকা। | সাধারণ সম্পাদক সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি |
| | সাংগঠনিক সচিব | সঞ্জয় কুমার বনিক ০১৭১১-৩৮৪৫৩৩ | ঢাকা কলেজ, নিউ মার্কেট, ঢাকা | সদস্য, বাংলাদেশ মাউশি ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সাংগঠনিক সচিব | মোঃ মনিরুল ইসলাম ০১৮১৯-১৫৮০২৩ | উপজেলা স্বাস্থ্য কেন্দ্র বন্দর, নারায়ণগঞ্জ | সদস্য, বাতসকস, নারায়ণগঞ্জ জেলা কমিটি। |
| | সাংগঠনিক সচিব | মোঃ জাহাঙ্গীর আলম ০১১৯০-১৫২৪৯৯ | ডাক বিভাগ, বিশ্ববিদ্যালয় পোস্ট অফিস শাখা | যুগ্ম সাধারণ সম্পাদক, ডাক কর্মচারী সমিতি, ঢাকা মহানগর (উত্তর) |
| | সাংগঠনিক সচিব | মোঃ রফিকুল ইসলাম, মামুন ০১৭১২-২৬৩৯৪০ | ঢাকা মেডিক্যাল কলেজ আজিমপুর, ঢাকা। | সাংগঠনিক সম্পাদক ডিএমসিএইচ ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | সাংগঠনিক সচিব | মোঃ আবদুল জলিল ০১৭৫৯-১৯৭৫৩৫ | মুদ্রণ অধিদপ্তর তেজগাঁও, ঢাকা। | সদস্য, মুদ্রণ অধিদপ্তর ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সাংগঠনিক সচিব | মোঃ আবু জাফর আলী ০১৭১৪-৭৯৩৮৭২ | সরকারি তিতুমির কলেজ মহাখালী, ঢাকা। | সাধারণ সম্পাদক, তিতুমির কলেজ কর্মচারী সমিতি। |
| | সাংগঠনিক সচিব | মোঃ রেজাউল হক ০১৬৭৪-৬৯৮০৮৯ | হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৪, ঢাকা। | যুগ্ম সাধারণ সম্পাদক, হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতাল ৩য় শ্রেণী কর্মচারী সমিতি। |
| | সাংগঠনিক সচিব | এস এম আবদুস ছালাম ০১৯১৬-৭১৭৯১৬ | জাতীয় ক্যান্সার হাসপাতাল, মহাখালী, ঢাকা। | সাধারণ সম্পাদক ক্যান্সার হাসপাতাল ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | সাংগঠনিক সচিব | মোঃ মোস্তাফিজুর রহমান ০১৭১১-৯০০৫৭২ | বিএসটিআই, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | নির্বাহী সদস্য বিএসটিআই কর্মচারী ইউনিয়ন |
| | সাংগঠনিক সচিব | মোঃ রাজু আহমেদ ০১৭১২-৯৪৭৪৩২ | আই পি এইচ, মহাখালী, ঢাকা। | সাংগঠনিক সম্পাদক আই পি এইচ ৩য় শ্রেণী কর্মচারী সমিতি। |
| | সাংগঠনিক সচিব | মুক্তাদির রহমান ০১৭৩১-২৭৯৮৬১ | খাদ্য অধিদপ্তর আঃ গনি রোড, ঢাকা। | সভাপতি খাদ্য কর্মচারী পরিষদ, খাদ্য ভবন ইউনিট কমিটি। |
| | সাংগঠনিক সচিব | শাহ আজম ০১৭১৫-৬৬৮২৫১ | বিএসটিআই, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | সদস্য, বিএসটিআই কর্মচারী ইউনিয়ন |
| ০৯। | অর্থ সচিব | মোঃ হারেছ ০১৭১৮-৬৪৩৩৭৮ | বিএসটিআই, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | নির্বাহী সদস্য বিএসটিআই কর্মচারী ইউনিয়ন |
| ১০। | মহিলা বিষয়ক সচিব | স্বান্তনা রানী দাস ০১৭২৭-৩৯৯০৩৬ | সড়ক ও জনপথ অধিদপ্তর সড়ক ভবন, রমনা, ঢাকা। | যুগ্ম সাধারণ সম্পাদক সওজ ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| ১১। | দপ্তর সচিব | মোঃ নাজির হোসেন ০১৭১২-২০১৫২৯ | সড়ক ও জনপথ অধিদপ্তর সড়ক ভবন, ঢাকা। | সাধারণ সম্পাদক সওজ ৩য় শ্রেণী কর্মচারী সমিতি, সওজ ইউনিট কমিটি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২। | প্রচার সচিব | মোঃ ইলিয়াস ০১৭১১-৩৮০৯২৯ | গভঃ প্রিন্টিং প্রেস তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | সদস্য, গভঃ প্রিন্টিং প্রেস এমপ্লয়িজ ইউনিয়ন |
| ১৩। | আইন বিষয়ক সচিব | মোঃ কামাল হোসেন মোল্লা ০১৭৩১-৯৪৫৪১৯ | দিয়ারা সেটেলমেন্ট (ভূমি জরীপ অধিদপ্তর), তেজগাঁও, ঢাকা। | সদস্য বাংলাদেশ স্টেনোগ্রাফার এসোসিয়েশন |
| ১৪। | আন্তর্জাতিক বিষয়ক সচিব | মোস্তফা জামান ০১৭১১-৯৫১৭১৬ | ১১৬/ক, বি এস টি আই ভবন তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | সহ-সাধারণ সম্পাদক, বি এস টি আই কর্মচারী ইউনিয়ন। |
| ১৫। | সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া সচিব | মোঃ ফারুক হোসেন ০১৭২৬-১৭৭৭৪৯ | টি বি হাসপাতাল, মহাখালী, ঢাকা। | সাধারণ সম্পাদক বাতসকস, ঢাকা মহানগর, অঞ্চল-৮ |
| ১৬। | আবাসন সচিব | মোঃ আক্তারুজ্জামান খান চঞ্চল ০১৮২৪-৯১৬৪০৯ | মিটফোর্ড হাসপাতাল, মিটফোর্ড, ঢাকা। | সভাপতি, মিটফোর্ড হাসপাতাল ৩য় শ্রেণী কর্মচারী সমিতি। |
| ১৭। | নির্বাহী সদস্য | মোঃ একরাম আলী ০১৭১২-২৯১৪০৩ | মিটফোর্ড হাসপাতাল, ঢাকা | মহা-সচিব, বাংলাদেশ ডিপ্লোমা ফার্মাসিস্ট এসোসিয়েশন |
| | নির্বাহী সদস্য | মোঃ ছানাউল্লাহ ০১৭১২-০৯৯৮৭১ | নিপসম (স্বাস্থ্য অধিদপ্তর) মহাখালী, ঢাকা। | সাধারণ সম্পাদক, নিপসম কর্মকর্তা কর্মচারী কল্যাণ সমিতি। |
| | নির্বাহী সদস্য | মোঃ ফরাদ হোসেন ০১৭১৬-১৯৫৭০১ | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি ভবন, খামারবাড়ী, ঢাকা। | সদস্য, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | নির্বাহী সদস্য | মোঃ জাকির হোসেন ভূঁইয়া ০১৯১৪-৭৫৫৭৯০ | বক্ষব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা। | দপ্তর সম্পাদক, বক্ষব্যাধি হাসপাতাল ৩য় শ্রেণী কর্মচারী সমিতি |
| | নির্বাহী সদস্য | পদ সংরক্ষিত | | |

কার্যকরী সভাপতি পদ ১(এক) টি, সহ-সভাপতি পদ ১(এক) টি, যুগ্ম মহাসচিব পদ ১(এক) টি, নির্বাহী সদস্য পদ ১(এক) টি মোট ৪(চার) টি পদে নির্বাচন/মনোনয়নের জন্য (Subject Committee) এর প্রস্তাব মতে বাংলাদেশ সহকারী কালেক্টরিয়েট কর্মচারী সমিতি/বাংলাদেশ অডিট পরিষদ এর নেতৃত্ববৃন্দের জন্য সংরক্ষিত রাখা হলো। আলোচ্য এই ৪(চার) টি পদে পরবর্তীতে (Subject Committee) এর প্রস্তাব/সুপারিশ মতে কেন্দ্রীয় নির্বাহী পরিষদ কর্তৃক মনোনয়ন দানের জন্য ক্ষমতা অর্পণ করা হলো।

প্রতিনিধি সম্মেলনের সমাপ্তি লগ্নে সভার সভাপতি সংশ্লিষ্ট সকলকে এই জাতীয় প্রতিনিধি সম্মেলন সফল করার লক্ষ্যে পরিশ্রম ও দায়িত্ব পালনসহ অনুষ্ঠিত সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে সার্বিক সহযোগিতা প্রদান করায় কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সকলের সুস্বাস্থ্য, কল্যাণ ও সংগঠনের উত্তরোত্তর বিস্তৃতি ও সমৃদ্ধি কামনা করে এবং সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগের আহবান জানিয়ে সমিতির জাতীয় প্রতিনিধি সম্মেলনের সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/০১.৬.২০১২
**(মোঃ মাহ্‌ফুজুর রহমান)**
সভাপতি
০১৭১৫-৬৬৫৫৪৬

**স্মারক নং ঃ বাতসকস/০১ (২০০০)** **তারিখ ঃ ০১/০৬/২০১২ইং।**

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জনাব ........................................................................।

০২। জনাব ........................................................................।

বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি কেন্দ্রীয়/ঢাকা মহানগর/জেলা/উপজেলা নির্বাহী পরিষদ।

স্বাঃ/০১.৬.২০১২
**(মোঃ লুৎফর রহমান)**
মহাসচিব
০১৯২২-১১৭৫০১

# উপদেষ্টা পরিষদ

সমিতির ০৮-৯-২০১২ইং তারিখের সিদ্ধান্ত অনুচ্ছেদ ৫ মোতাবেক গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৫(পাঁচ)-এর ক্ষমতাবলে প্রজাতন্ত্রের কর্মচারী অঙ্গনে সফল নেতৃত্বদানকারী নিম্নবর্ণিত জাতীয় নেতৃবৃন্দকে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সম্মানিত উপদেষ্টা হিসেবে মনোনীতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | নাম | পরিচিতি |
|---|---|---|
| ১। | জনাব সৈয়দ মহীউদ্দিন<br>০১৭২৬-৭৮৩৩৭৫ | সাবেক প্রতিষ্ঠাতা মহাসচিব, বাংলাদেশ সচিবালয় সংযুক্ত কর্মচারী পরিষদ, সভাপতি, সংহতি পরিষদ ও আহ্বায়ক, বাংলাদেশ সংহতি ও সমন্বয় পরিষদ লিয়াজোঁ কমিটি। |
| ২। | জনাব হারুন উর রশিদ<br>০১৭১২-৫৬৭৯৩৩ | সাবেক মহাসচিব, স্বাস্থ্য অধিদপ্তর কর্মচারী সমিতি ও সভাপতি, সহকারী কর্মচারী সমন্বয় পরিষদ, প্রতিষ্ঠাতা সাবেক সভাপতি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি।<br>সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ৩। | জনাব মোঃ শাহাবুদ্দীন<br>বীর মুক্তিযোদ্ধা<br>০১৭১১-৮৮১৮৩০ | সাবেক মহাসচিব, বাংলাদেশ সরকারি কর্মচারী সংহতি পরিষদ, আইন হিসাব ও নিরীক্ষা বিষয়ক সম্পাদক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মহাসচিব, বাংলাদেশ অডিট পরিষদ ও বাংলাদেশ সরকারি কর্মচারী দাবী বাস্তবায়ন পরিষদ। |
| ৪। | জনাব এ বি এম আবদুর রশীদ<br>০১৭১২-৭৩৯৮৮২ | সাবেক সভাপতি, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় কর্মচারী সমিতি ও সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ৫। | জনাব শেখ আল বেরুনী<br>০১৭১৫-২৮৫৩০৭ | সভাপতি, পি টি এন্ড টি অডিট কর্মচারী সমিতি, সভাপতি বাংলাদেশ অডিট পরিষদ ও কার্যকরী সভাপতি, বাংলাদেশ সংহতি পরিষদ। |
| ৬। | জনাব মোঃ শাহাব উদ্দিন<br>০১৭১২-০৪৯৬২২ | সভাপতি, জনস্বাস্থ্য প্রকৌশল শ্রমিক কর্মচারী ইউনিয়ন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্রমিক কর্মচারী সংযুক্ত ফেডারেশন ও বাংলাদেশ শ্রমিক ফেডারেশন। |
| ৭। | শাহ মোহাম্মদ শফিউল হক<br>যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা<br>০১৭১১-১৫৯২০৪ | সাবেক মহাসচিব, বাংলাদেশ খাদ্য কর্মচারী পরিষদ ও ভারপ্রাপ্ত মহাসচিব, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ৮। | জনাবা মমতাজ বেগম<br>বীর মুক্তিযোদ্ধা<br>০১৫৫২-৩৪৩৩৬৭ | সাবেক সভাপতি, বাংলাদেশ খাদ্য কর্মচারী পরিষদ ও সহ-সভাপতি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ৯। | জনাব সৈয়দ শরিফুল ইসলাম<br>০১৭২০-৯৫৭৭৩৯ | সভাপতি, খামারবাড়ী নন-গেজেটেড সরকারি কর্মচারী কল্যাণ সমিতি ও সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |